আল্লাহ তা‘আলা কিয়ামতের দিন বলবেন, ‘আমার মহিমা ও শ্রেষ্ঠত্বের জন্য পরস্পরকে যারা ভালবেসেছিল তারা কোথায়? আজকের দিন আমি তাদেরকে আমার ছায়ায় আশ্রয় দেব, যেদিন আমার (আরশের) ছায়া ছাড়া অন্য কোন ছায়া নেই।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু হিসেবে বর্ণিত, “আল্লাহ তা‘আলা কিয়ামতের দিন বলবেন, ‘আমার মহিমা ও শ্রেষ্ঠত্বের জন্য পরস্পরকে যারা ভালবেসেছিল তারা কোথায়? আজকের দিন আমি তাদেরকে আমার ছায়ায় আশ্রয় দেব, যেদিন আমার (আরশের) ছায়া ছাড়া অন্য কোন ছায়া নেই”।
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

আল্লাহ তা‘আলা কিয়ামতের দিন হাসরের মাঠে ডেকে বলবেন, ‘আমার মহিমা ও শ্রেষ্ঠত্বের জন্য পরস্পরকে যারা ভালবেসেছিল তারা কোথায়? তাদের অবস্থান ও অন্যান্য অবস্থা সম্পর্কে অবগত হওয়ার পরও তাদের সম্পর্কে জিজ্ঞাসা করা হাশরের মাঠে তাদের অবস্থানকে স্পষ্ট করা ও তুলে ধরা বৈ আর কিছু নয়। এর অর্থ, যারা কেবল আমার মহিমা ও শ্রেষ্ঠত্বের জন্য পরস্পরকে ভালো বাসছিল দুনিয়া বা প্রার্থিব কোন উদ্দেশ্যে নয়। তারপর আল্লাহ তা‘আলা বলবেন, আজকের দিন আমি তাদেরকে আমার ছায়ায় আশ্রয় দেব, ছায়া সম্বোধন তার দিকে করা সম্মানসুচক সম্বোধন। ছায়া দ্বারা আরশের ছায়া। সহীহ মুসলিমের অপর বর্ণনায় এসেছে আমার আরশের ছায়া। যেদিন আমার (আরশের) ছায়া ছাড়া অন্য কোন ছায়া নেই। অর্থাৎ, ঐ দিন রহমানের আরশের ছায়া ছাড়া আর কোন ছায়া থাকবে না।

https://sunnah.global/hadeeth/bn/show/3369